হংকংয়ের বিপক্ষে কঠিন পরীক্ষার সামনে বাংলাদেশ

এএফসি এশিয়ান কাপ বাছাইয়ে হংকং চায়নার বিপক্ষে গুরুত্বপূর্ণ ম্যাচ বাংলাদেশের। টুর্নামেন্টে টিকে থাকতে এই ম্যাচে জয়ের বিকল্প নেই। ফিফা র্যাংকিংয়ে ১৪৬ নম্বরে থাকা হংকংয়ের বিপক্ষে তা কী সম্ভব ১৮৪ নম্বরে থাকা লাল-সবুজের দলটির পক্ষে, তা জানা যাবে আজ। ঢাকা জাতীয় স্টেডিয়ামে রাত ৮টায় শুরু হবে ম্যাচ।

এশিয়ান কাপ বাছাইপর্বে এটি ঘরের মাঠে বাংলাদেশের দ্বিতীয় ম্যাচ। এর আগে সিঙ্গাপুরের বিপক্ষে ঢাকা স্টেডিয়ামে গ্রুপে নিজেদের প্রথম ম্যাচ খেলেছে বাংলাদেশ। সেই ম্যাচে সিঙ্গাপুরের কাছে ২-১ গোলে হেরেছেন হামজা-শমিতরা। হংকং ‘সি’ গ্রুপের অন্যতম কঠিন প্রতিপক্ষ।

আগের দিন রাতে ঢাকা এসেছেন বাংলাদেশ দলের কানাডা প্রবাসী ফুটবলার শমিত সোম। কাল প্রথম দলের সঙ্গে অনুশীলন করেছেন তিনি। হংকংয়ের বিপক্ষে ভালো করার আশা করছেন শমিত। হামজাও হংকংয়ের বিপক্ষে জয়ের আশাবাদ ব্যক্ত করেছেন। দলের আরও চার প্রবাসী ফুটবলার ফাহামিদুল ইসলাম, জায়ান আহমেদ, তারিক কাজী, জামাল ভূঁইয়ারাও জয়ের কথা বলছেন। এই ম্যাচে আরেক প্রতিপক্ষ ইনজুরি। ইনজুরিতে ছিটকে গেছেন দলের দুই ফরোয়ার্ড সুমন রেজা ও মোহাম্মদ ইব্রাহিম। হালকা ইনজুরি নিয়ে অনুশীলন চালিয়ে গেছেন মোহাম্মদ আল আমিন।

দুই দেশের লড়াইটা বিদেশিদেরও। হামজা চৌধুরীর লাল-সবুজের জার্সিতে এটি চতুর্থ ম্যাচ। দ্বিতীয় ম্যাচ খেলবেন শমিত। হংকংয়ের বিপক্ষে এ ম্যাচে আরেক প্রবাসী জায়ান আহমেদের অভিষেক হওয়ার সম্ভাবনা আছে। যুক্তরাষ্ট্র প্রবাসী এই ডিফেন্ডার বাংলাদেশ অনূর্ধ্ব-২৩ দলে খেলে সবার নজর কেড়ে জায়গা করে নিয়েছেন জাতীয় দলে। ইতালির ওলবিয়া কালসিও’র ফরোয়ার্ড ফাহামিদুল ইসলাম এরই মধ্যে জাতীয় দলের হয়ে খেলেছেন ভুটান ও সিঙ্গাপুরের বিপক্ষে।

হামজা, শমিত, ফাহামিদুল, জামাল, জায়ান, তারিকদের মতো হংকং দলেও কয়েকজন প্রবাসী ফুটবলার আছেন। তাদের মধ্যে অন্তত পাঁচ ফুটলারের জন্ম ব্রাজিলে। এর মধ্যে আলোচিত নাম দুদু। একসময় তার নেতৃত্বে বয়সভিত্তিক অ-১৭ দলে খেলেছেন ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমার।

বলিভিয়া, জার্মানি, নিউজিল্যান্ড, ক্যামেরুন, জাপানি বংশোদ্ভূত ফুটবলারদেরও রেখেছে হংকং। ব্রাজিলিয়ান বংশোদ্ভূত ফুটবলারদের মধ্যে সবচেয়ে অভিজ্ঞ ফের্নান্দো অগুস্তো। ২০২২ সাল থেকে হংকংয়ের হয়ে খেলছেন তিনি। ২৩ ম্যাচে একটি গোল করেছেন এই লেফটব্যাক। বাংলাদেশের জন্য আতঙ্ক হতে পারেন এভেরতন কামারগো। ২০২৩ সালে অভিষেক হওয়ার পর ১৯ ম্যাচে ১০ গোল করেছেন এই উইঙ্গার।

এটি দুই দেশে বাছাইয়ের তৃতীয় ম্যাচ। বাংলাদেশ কোনো ম্যাচ জিততে পারেনি। একটি ড্র করে আরেকটি হেরেছে। হংকং এক জয় এক ড্রয়ে ঝুলিতে ভরেছে চার পয়েন্ট। টিকে থাকার লড়াইয়ে বাংলাদেশের জন্য এই ম্যাচ গুরুত্বপূর্ণ। আগের ম্যাচে সিঙ্গাপুরের কাছে হেরে যাওয়ায় বাংলাদেশের জন্য এশিয়ান কাপের পথ কঠিন হয়ে গেছে। কাগজ-কলমে যে সম্ভাবনাটুকু রয়েছে তা বাঁচিয়ে রাখতে জয়ের কোনো বিকল্প নেই। অধিনায়ক জামাল ভূঁইয়া তাই ম্যাচটিকে উল্লেখ করেছেন ‘ডু অর ডাই’ হিসাবে।